

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩৩.০৭.০৪১.২৩ নথির বিষয়: Supply of Mild steel pipe with other accessories & related services for delivery line of Narinda new pump house under PSTP(pump No. 1, 2 & 3).
নোট: ১ নোটের বিষয়: Supply of Mild steel pipe with other accessories & related services for delivery line of Narinda new pump house under PSTP(pump No. 1, 2 & 3) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৩/১২/২৩ ৭:৫৮ অপরাহ্ন

সংযুক্ত ক্রঃ নং ০১ হতে ০৮ দয়া করে দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশন ঢাকা ওয়াসার ১টি পুরাতন পয়ঃ লিফটিং স্টেশন। উক্ত লিফটিং স্টেশনে বিভিন্ন ক্যাপাসিটির অর্থাৎ ৭৫ কিলোওয়াট ৩১.৯ ঘনমিটার/মিনিট, ৩৭ কিলোওয়াট ১১.৪ ঘনমিটার/মিনিট ও ১৮.৫ কিলোওয়াট ৪.৫ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির মোট ৭ সেট পাম্প মোটর রয়েছে। উক্ত পাম্প মোটরগুলোর ডেলিভারী পাইপ লাইনগুলো ১৯৯২ সালের পূর্বের। দীর্ঘদিন ধরে পাইপ লাইনগুলো ব্যবহারের ফলে বিভিন্ন অংশে লিকেজ/ক্রটি দেখা দিচ্ছে। ফলে পাম্প মোটরগুলো সঠিকভাবে চালানো যাচ্ছে না। পাম্প মোটর চালালে লিকেজের পানিতে পাম্প ঘরের ফ্লোর তলিয়ে যায়। সেই কারণে বিদ্যমান ডেলিভারী লাইনগুলো পরিবর্তন করা প্রয়োজন। সেই আলোকে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশনের ১, ২ ও ৩ নং ৭৫ কিলোওয়াট ৩১.৯ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির পাম্প মোটরের বিদ্যমান অকেজো/ক্রটিযুক্ত ডেলিভারী লাইন অর্থাৎ ডেলিভারী পাইপ, রিডিউসার, গেট ভাল্ব, চেক ভাল্ব, বিভিন্ন সাইজের ফ্লাঞ্জ, ড্রেসার কাপলিং, গ্যাসকিট প্রভৃতি মালামাল ক্রয় ও স্থাপন করা প্রয়োজন।

সংযুক্তিসমূহ (৮):

- ১। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের কপি।
- ২। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ৩। বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত প্রস্তাবনার কপি।
- ৪। বাজার দরের তুলনামূলক রিপোর্ট।
- ৫। নারিন্দা (নতুন) কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশনের বিদ্যমান ডেলিভারী পাইপ লাইনের নকশা।
- ৬। কাজের ক্যালকুলেশন।
- ৭। নারিন্দা পয়ঃ পাম্পের ১, ২ ও ৩ নং ডেলিভারী লাইনের মালামাল ক্রয় কাজের প্রাক্কলন।
- ৮। আলোচ্য কাজের প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৩/১২/২৩ ৭:৫৮ অপরাহ্ন

সেই আলোকে পিডব্লিউডি ও ঢাকা ওয়াসা রোট শিডিউল এবং বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন, স্পেসিফিকেশন ও দরের তুলনামূলক রিপোর্ট এবং ভিত্তিতে “Supply of Mild steel pipe with other accessories & related services for delivery line of Narinda new pump house under PSTP (pump No. 1,2 & 3)” শীর্ষক ক্রয় কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২৪,৯৭,৭১১.০০(চব্বিশ লক্ষ সাতানব্বই হাজার সাতশত এগার) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০০২) খাতের

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-৩৯; প্যাকেজ নং-ই২(থোক বরাদ্দ) হতে নির্বাহ করা যেতে পারে। উল্লেখ্য, অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য কাজটি সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৩/১২/২৩ ৭:৫৯ অপরাহ্ন

আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) অনুসরণে Open Tendering Method (OTM) e-gp প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১৩/১২/২৩ ৭:৫৯ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Supply of Mild steel pipe with other accessories & related services for delivery line of Narinda new pump house under PSTP (pump No. 1,2 & 3) ” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

- ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ (১) ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি ১ উপ-বিধি মোতাবেক (OTM e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।
- খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২৪,৯৭,৭১১.০০(চব্বিশ লক্ষ সাতানব্বই হাজার সাতশত এগার) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।
- গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত বরাদ্দকৃত বাজেটের “পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ” (কোড ০১-০৪-০০২) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।
- উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

১৪/১২/২৩ ৮:৩০ পূর্বাহ্ন
সম্মতি মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

১৪/১২/২৩ ৯:২৭ পূর্বাহ্ন
মোঃ হাসিবুল হাসান
সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

১৪/১২/২৩ ৯:৪১ পূর্বাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

১৪/১২/২৩ ৯:৪১ পূর্বাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ১৫/১২/২৩ ৩:০৬ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.3

১৫/১২/২৩ ৩:০৬ অপরাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

১৫/১২/২৩ ৩:০৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৫ - তারিখ: ১৫/১২/২৩ ৬:০৯ অপরাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুমোদিত



১৫/১২/২৩ ৬:০৯ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

~~১৫/১২/২৩ ৬:০৯ অপরাহ্ন~~


~~মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ~~

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ১৫/১২/২৩ ৯:৫৯ অপরাহ্ন

পত্রিকায় দরপত্র আহবানের ব্যবস্থা নিন।



১৫/১২/২৩ ৯:৫৯ অপরাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ



৮/৮/২৪ ৩:৩৯ অপরাহ্ন
মোঃ হাসিবুল হাসান
সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

৮/৮/২৪ ৩:৩৯ অপরাহ্ন
সম্মিট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা